

ব্রি ওপেন ড্রাম থ্রেসার পরিচিতি

এটি পেডেল থ্রেসারের একটি উন্নত সংস্করণ। স্টীলের তৈরি থ্রেসিং ড্রামের উপর লোহার ছোট ছোট লুপ লাগিয়ে এটি তৈরি করা হয়েছে। যন্ত্রটি ৪ অশ্বশক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিনের সাহায্যে ধান মাড়াই কাজে ব্যবহার হয়।

ওপেন ড্রাম থ্রেসারের প্রয়োজনীয়তা

সনাতন পদ্ধতি, যেমন গরুর মলন বা কাঠ/ড্রামে পিটিয়ে শস্য মাড়াই করলে অপচয় বেশি হয় এবং সময়ও বেশী লাগে। ব্রি ওপেন ড্রাম থ্রেসার দিয়ে অল্প সময়ে ও সহজেই ধান মাড়াই করা যায় এবং খড় আস্ত থাকে। শতকরা প্রায় ৩ ভাগ শস্যের অপচয় কমানো যায়, যাতে প্রতি একরে প্রায় ২ মণ ধান সাশ্রয় হয়।

প্রধান বৈশিষ্ট্যসমূহ

- ▶ তৈরির উপাদান : ধাতব পাত, লৌহ বার, লৌহদণ্ড, বিয়ারিং, পুলি, ভি-বেল্ট, লোহার চাকা, ইত্যাদি
- ▶ চালিকা শক্তি : ৪ অশ্ব শক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিন
- ▶ কার্য ক্ষমতা : প্রতি ঘণ্টায় ৩৫০ কেজি (ধান)
- ▶ জ্বালানি খরচ : প্রতি ঘণ্টায় ০.৮ - ১.০০ লিটার
- ▶ মূল্য (ইঞ্জিনসহ) : ২৫,০০০ টাকা

খরচ ও লাভ

- ▶ কার্যকরী জীবনকাল : ৫ বছর
- ▶ আনুমানিক ব্যবহার : প্রতি বছর ৬৪০ ঘণ্টা
- ▶ আনুমানিক খরচ : প্রতি টনে ২৭০ টাকা
- ▶ লাভ : প্রতি টনে ৩০০ টাকা
- ▶ মূলধন ফেরত পাওয়ার সময়: ৪.৭৫ মাস



ব্রি ওপেন ড্রাম থ্রেসার

সুবিধা

- ▶ কাটার পর পরই ধান মাড়াই করা যায়
- ▶ মাড়াইকৃত বীজ ধানে চারা গজানোর ক্ষমতা অটুট থাকে
- ▶ তিন জন লোক একই সাথে ধান মাড়াই করতে পারে
- ▶ কৃষকেরা ভাড়ায় ব্যবহার করতে পারেন

সীমাবদ্ধতা

- ▶ ধান গাছের দৈর্ঘ্য ছোট হলে মাড়াই করা কঠিন

রক্ষণাবেক্ষণ ও মেরামত

- ▶ প্রতি ১০ ঘণ্টা ব্যবহারের পর মবিল লেভেল পরীক্ষা করে প্রয়োজনে তা পূরণ করতে হবে।
- ▶ মৌসুম শেষে যন্ত্রটিকে ভালভাবে পরিষ্কার করতে হবে।
- ▶ বেল্ট খুলে নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে, রোদবৃষ্টি থেকে রক্ষার জন্য ঘরের ভিতরে রাখতে হবে।
- ▶ প্রয়োজনে পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে।

প্রাপ্তিস্থান

- ◆ জনতা মেশিন টুলস্ লিমিটেড, ২৯ দিলকুশা শিল্প এলাকা, ঢাকা ১০০০, ফোন : ৯৫৬৪১১১
- ◆ মেসার্স উত্তরণ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ (প্রা.) লি., কালিতলা, দিনাজপুর, ফোন: ০৫৩১-৬৩০০৪ (অনু)
- ◆ জে কে ইন্ডাস্ট্রিজ, ১৬ শের-ই-বাংলা রোড, কাটাসূর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন : ৯১১১৯৪৭

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ১৩
ফ্যাক্ট শীট ৪